দৈনিক
ইনকিলাব

... 10 FEB 2015 ...

# বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা

## Bangladesh Madrasah Education Board, Dhaka.

www.bmeb.gov.bd

স্মারক নং-বামাশিবো/কমন/আর-৭১.অংশ/২০৯ তারিখ : ০৮/০২/২০১৫ খ্রিঃ।

# ২০১৫ শিক্ষাবর্ষে জুনিয়র দাখিল সার্টিফিকেট (জেডিসি) পরীক্ষার রেজিস্ট্রেশন সংক্রান্ত বিজ্ঞপ্তি

এতদ্বারা অত্র বোর্ডের আওতাধীন সকল মাদরাসা ও সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, অষ্টম শ্রেণীতে অধ্যয়নরত শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন সম্পর্কিত নিয়মাবলী নির্দেশক্রমে নিম্নে দেয়া হল। ২০১৫ শিক্ষাবর্ষে দাখিল ৮ম শ্রেণীতে অধ্যয়নরত শিক্ষার্থীদের জুনিয়র দাখিল সার্টিফিকেট (জেডিসি) পরীক্ষার রেজিস্ট্রেশন e-SIF (Electronic Student Information Form) পদ্ধতিতে সম্পন্ন করা হবে।

জেডিসি পরীক্ষার রেজিস্ট্রেশন কার্যক্রম অনলাইনে সম্পন্ন করার জন্য বিগত ২০১৪ সনের দাখিল পরীক্ষার e-SIF এর পাসওয়ার্ড ব্যবহার করা যাবে। নতুন পাসওয়ার্ড সরবরাহ করা হবে না। নতুন দাখিল ৯ম শ্রেণীর পাঠদান অনুমতিপ্রাপ্ত মাদরাসা প্রধানগণ বোর্ডে আবেদন করে পাসওয়ার্ড সংগ্রহ করবেন। বোর্ড কর্তৃক দাখিল ৯ম শ্রেণীর পাঠদান অনুমতিবিহীন মাদরাসাসমূহ ৮ম শ্রেণীর (জেডিসি) রেজিস্ট্রেশন করতে পারবে না।

টটলিস্ট প্রস্তুত ও সংরক্ষণ (website-এ প্রদর্শিত নতুন নমুনা ছক অনুযায়ী);

ক. ছাত্র-ছাত্রীদের শিক্ষা জীবনের তথ্যের মূলভিত্তি হলো জেডিসি/জেএসসি রেজিস্ট্রেশন। এখানে যেভাবে তার নাম, পিতার নাম, মাতার নাম, জন্ম তারিখ ইত্যাদি তথ্য এন্ট্রি করা হবে। পরবর্তীতে দাখিল/এসএসসি/আলিম/এইচএসসি এবং উচ্চতর শিক্ষার সকল ক্ষেত্রে এই তথ্য অপরিবর্তিত এবং বহাল থাকবে। সুতরাং জেডিসি রেজিস্ট্রেশনে সকল শিক্ষার্থীর সঠিক ও নির্ভুল তথ্য এন্ট্রি নিশ্চিত করতে হবে।

খ. সাধারণতঃ মাদরাসার ভর্তি রেজিস্ট্রারসহ অন্যান্য সকল ক্ষেত্রেই শিক্ষার্থীদের বাংলা নাম ব্যবহার করা হলেও অনলাইন রেজিস্ট্রেশনে সকল তথ্য ইংরেজিতে পূরণ বাধ্যতামূলক; সুতরাং শিক্ষার্থীদের টটলিস্ট প্রস্তুতের সময় অবশ্যই ছাত্র-ছাত্রীদের পিতা-মাতা ও অভিভাবকবৃন্দের নিকট থেকে নামের সঠিক ইংরেজি বানান নিশ্চিত হয়ে টটলিস্ট প্রস্তুত করতে হবে। কেননা একই পিতা-মাতার অন্যান্য সন্তানের শিক্ষা সনদের ব্যবহৃত ইংরেজি নামের সঙ্গে মাদরাসায় অধ্যয়নরত শিক্ষার্থীর সনদের নামের ভুল থাকলে তার দায়-দায়িত্ব মাদরাসা প্রধানকে বহন করতে হবে। সুতরাং ভবিষ্যতে এ ধরনের জটিলতা এড়ানোর লক্ষ্যে অভিভাবকদের সহায়তায় একটি টটলিস্ট প্রস্তুত করে নির্ভুলভাবে অনলাইন রেজিস্ট্রেশন কার্যক্রম সম্পন্ন করার জন্য সকল মাদরাসা প্রধানকে অনুরোধ করা যাচ্ছে।

রেজিস্ট্রেশন ফি জমাদান সংক্রান্ত নিয়মাবলী

১. ফি জমাদান ও e-SIF Submission এর তারিখ

| ক্রমিক | বিষয় | তারিখ |
|---|---|---|
| ক) | বিলম্ব ফি ছাড়া ওয়েবসাইট থেকে প্রাপ্ত T.T Slip অনুযায়ী ফি জমা দেয়ার শেষ তারিখ | ১৮/০৩/২০১৫ থেকে ১৯/০৪/২০১৫ পর্যন্ত |
| খ) | বিলম্ব ফিসহ ওয়েবসাইট থেকে প্রাপ্ত T.T Slip অনুযায়ী ফি জমা দেয়ার শেষ তারিখ | ২০/০৪/২০১৫ থেকে ৩০/০৪/২০১৫ পর্যন্ত |
| গ) | T.T জমা করার ২৪ থেকে ৪৮ ঘন্টা পর টটলিস্ট অনুযায়ী ছবিসহ শিক্ষার্থীদের e-SIF (Electronic Student Information Form) Submission (On Line এ জমাদান)/এন্ট্রি শুরু করা যাবে। (নির্ধারিত তারিখের পর e-SIF Submission সংক্রান্ত কোন আবেদন গ্রহণ করা হবে না)। এ বিষয়ে কোন সমস্যা হলে, T.T কৃত সোনালী ব্যাংক এর সাথে যোগাযোগ করে সোনালী ব্যাংক বিএমইবি শাখার মাধ্যমে সমস্যা সমাধানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো। | e-SIF পূরণ ও Submission করার সর্বশেষ তারিখ ০৫/০৫/২০১৫ পর্যন্ত |
| ঘ) | ক্রমিক ০৩ নং এর আলোকে প্রস্তুতকৃত কাগজপত্র জমা করার সর্বশেষ তারিখ | ১০/০৫/২০১৫ |

২. e-SIF (Electronic Student Information Form) পূরণ এবং Submission এর নিয়মাবলী :
একাধিকবার T.T Slip প্রিন্ট করা যাবে। যেখানেই যার মাধ্যমে e-SIF তথ্য এন্ট্রি করা হোক না কেন তাদেরকে প্রথমে শুধু এন্ট্রি পাসওয়ার্ড দিতে হবে। এন্ট্রি পাসওয়ার্ড দিয়ে এন্ট্রির কাজ শেষে শিক্ষার্থীদের পূর্ণাঙ্গ তালিকার Temporary প্রিন্ট আউট নিয়ে ভালভাবে টটলিস্টের সাথে যাচাই-বাছাই করতে হবে। যাচাই-বাছাইয়ে যতবার ভুল ধরা পড়বে, ততবার সংশোধিত প্রিন্ট নিতে হবে। সর্বশেষ নির্ভুল তালিকা হাতে পাওয়ার পর মাদরাসা প্রধান Confirm Password ব্যবহার করবেন। চূড়ান্ত তালিকার প্রিন্ট আউট এর ০৩ (তিন) কপি (মূল) বের করে শিক্ষার্থী ও মাদরাসা প্রধানের স্বাক্ষরসহ ০২ (দুই) কপি বোর্ডে/ অঞ্চলে জমা দিতে হবে। অন্য কপি মাদরাসা প্রধান সংরক্ষণ করবেন। e-SIF এর ফটোকপি গ্রহণযোগ্য নয়।

৩. মাদরাসা প্রধানগণ T.T জমা করার রশিদের ফটোকপি (সত্যায়িত) টটলিস্ট, e-SIF কপি ও স্ব-স্ব মাদরাসা প্যাডে আবেদনসহ নমুনা ছক মোতাবেক ০৩ (তিন) সেট প্রস্তুত করে প্রতি পৃষ্ঠায় মাদরাসা প্রধান কর্তৃক প্রতিস্বাক্ষর করে উল্লেখিত তারিখে বোর্ডে/আঞ্চলিক কার্যালয়ে ০২ (দুই) সেট জমা দিয়ে ০১ (এক) সেট রিসিভ করিয়ে মাদরাসা প্রধানগণ ফেরত নিবেন। ০১ (এক) সেট আঞ্চলিক কার্যালয়ের সহকারী পরিদর্শকগণ টটলিস্টের প্রতিপৃষ্ঠায় স্বাক্ষর করে ১৫ দিনের মধ্যে বোর্ডে জমা দিবেন এবং অপর ০১ (এক) সেট অঞ্চলে জমা রাখবেন।

৪. e-SIF (Electronic Student Information Form) পূরণ এবং Submission এর পর কোন অবস্থাতেই বোর্ডের পূর্বানুমতি ব্যতিত কোন শিক্ষার্থীকে ছাড়পত্র (টিসি) দেয়া যাবে না। তবে শুধু পিতা-মাতা বা বৈধ অভিভাবক সরকারী চাকুরিজীবী হলে চাকুরিস্থল পরিবর্তনজনিত কারণে বোর্ড বিশেষ জরুরী মনে করলে বোর্ডের নির্ধারিত ফরম পূরণ করে বোর্ডের সম্মতিক্রমে প্রতিষ্ঠান (মাদরাসা থেকে মাদরাসা) পরিবর্তনের (টিসি) আবেদন ২৮ মে ২০১৫ তারিখ পর্যন্ত করা যাবে।

৫. দাখিল অষ্টম শ্রেণীতে অধ্যয়নরত ২০১৫ শিক্ষাবর্ষের ছাত্র/ছাত্রীদের বয়সসীমা ০১ জানুয়ারী ২০১৫ তারিখে ১১ বছর থেকে ১৭ বছরের মধ্যে হতে হবে।

৬. রেজিস্ট্রেশন ফি-এর হার (শিক্ষার্থী প্রতি) নিম্নরূপঃ

| ক্রমিক | বিবরণ | ফি-এর হার |
|---|---|---|
| ক | রেজিস্ট্রেশন ফি | ৪০.০০ টাকা |
| খ | রেড ক্রিসেন্ট ফি | ১৫.০০ টাকা |
| গ | বিলম্ব ফি ব্যতিত মোট ফি | ৫৫.০০ টাকা |
| ঘ | বিলম্ব রেজিস্ট্রেশন ফি | ৫০.০০ টাকা (প্রযোজ্য ক্ষেত্রে) |
| ঙ | বিলম্ব ফিসহ মোট ফি | ১০৫.০০ টাকা |

৭. দাখিল ৯ম শ্রেণীর পাঠদানের অনুমতি/স্বীকৃতিপত্র এবং হালনাগাদ স্বীকৃতি নবায়নের সত্যায়িত ফটোকপি টটলিস্টের সাথে অবশ্যই সংযুক্ত করতে হবে।

৮. ছাত্র/ছাত্রীর নাম, পিতা/মাতার নামের পূর্বে বা পরে মৃত, হাজী, আলহাজ, কর্নেল, জজ, মেজর, ব্যারিস্টার, এডভোকেট ডঃ ডাক্তার, মাস্টার, শিক্ষক, প্রফেসর, অধ্যক্ষ, সুপার, মাওলানা, মৌলভী, হাফেজ, ক্বারী, জনাব, সাহেব, মিস, মিসেস মোসাম্মৎ, এমএবিএ ইত্যাদি লেখা যাবে না। এছাড়া সংক্ষিপ্ত কিংবা ডাক নামও উল্লেখ করা যাবে না।

৯. যে কোন ধরনের জটিলতা/সমস্যা সৃষ্টি হলে প্রথমতঃ কেন্দ্রীয় মাদরাসা প্রধানের সাথে এবং পরবর্তীতে আবেদনপত্রস বোর্ডের সংশ্লিষ্ট শাখায় সরাসরি যোগাযোগ করে সমাধান করে নিতে হবে।

১০. যে সকল মাদরাসায় বিভাগ বা বিষয় খোলার অনুমতি নেই সে সকল মাদরাসার শিক্ষার্থীরা সংশ্লিষ্ট বিষয় নিতে পারবে না

১১. কোন মাদরাসায় অতিরিক্ত কোন বিষয়ে ০৫ জনের কম শিক্ষার্থী হলে ঐ বিষয় নিতে পারবে না।

১২. শিক্ষামন্ত্রণালয়ের বিগত ০৬/০৩/২০১২ ইং তারিখের স্মারক নং-শিম/শাঃ-১৪/বিবিধ-২-৬/২০০৯/১০৭ প্রজ্ঞাপন অনুযা ২০১৫ শিক্ষাবর্ষে জুনিয়র দাখিল সার্টিফিকেট পরীক্ষা সর্বমোট ১২০০ নম্বরে গৃহীত হবে।

বিঃদ্রঃ অত্র বিজ্ঞপ্তি এবং প্রয়োজনে বিজ্ঞপ্তির কোন সংশোধনী বোর্ডের ওয়েবসাইটে (www.bmeb.gov.bd) প্রকাশ ক হবে।

(প্রফেসর এ. কে. এম ছায়েফ উল্যা)
চেয়ারম্যান (ভারপ্রাপ্ত) ও রেজিস্ট্রার
বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোন : ৯৬১২৮৫৮

P-204853(15" x 3)